# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭

৩. কিতাবুল ইসরা [ও মে’রাজ] (الإسراء)

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَمْرٍو الْمُعَدَّلُ بِوَاسِطَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ الْقَطَّانُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَنْبَأَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ:
(قَدْ رَأَى محمد صلى الله عليه وسلم ربه)
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]

حسن صحيح ـ ((الظلال)) (434 ـ 437 و 439).

الحديث: 57 ¦ الجزء: 1 ¦ الصفحة: 185

বাংলা

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ رُؤْيَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ جَلَّ وَعَلَا

নাবী মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মহামহিম ও গরিয়ান রব্ব কে দেখেছেন- এ মর্মে বর্ণনা:

৫৭. ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর রব্বকে প্রত্যক্ষ করেছেন।[1]

قَالَ أَبُو حَاتِمٍ: مَعْنَى قَوْلِ ابْنِ عَبَّاسٍ: (قَدْ رَأَى مُحَمَّدٌ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ) أَرَادَ بِهِ بِقَلْبِهِ فِي الْمَوْضِعِ الَّذِي لَمْ يَصْعَدْهُ أَحَدٌ مِنَ الْبَشَرِ ارْتِفَاعًا فِي الشرف.
আবূ হাতিম (ইবনু হিব্বান) বলেন, ইবনু আব্বাস (রাঃ) এর এ কথা : নিশ্চয়ই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর রব্বকে প্রত্যক্ষ করেছেন’- এর দ্বারা বুঝিয়েছেন তিনি এমন স্থানে অন্তর দিয়ে তাঁকে প্রত্যক্ষ করেছেন, যে সুউচ্চ মর্যাদার আসনে অপর কোন মানুষ কখনো উন্নীত হয়নি।

## ফুটনোট

[1] আলবানী: হাসান সহীহ।
আরনাউত্ব: হাসান।
তাখরীজ: তিরমিযী, ৩২৮০; ইবনু খুযাইমা, আত তাওহীদ পৃ.-২০০; বাইহাকী, আসমা ওয়াস সিফাত পৃ.৪৪২-৪৪৩; তাবারী, তাফসীর, ২৭/৫২; তাবারানী, কাবীর ১০৭২৭।

মাসআলাটিতে সাহাবাগণ মতভেদ করেছেন। আয়িশা ও ইবনু মাসউদ (রাঃ) তা অস্বীকার করেছেন। আর আর অধিকাংশ একে সাব্যস্ত করেছেন। তবে, সেটি প্রত্যক্ষ দর্শন নাকি ক্বলবী দর্শন সে ব্যাপারেও মতভেদ রয়েছে। বিস্তারিত দেখুন, ফাতহুল বারী ৮/৬০৮-৬০৯ ও ইবনুল কাইয়ুম, যাদুল মা’আদ ৩/৩৬-৩৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন